

শিক্ষার্থীদের দাবির মুখে শহীদ সাগরের নামে হচ্ছে বাঙ্গলা কলেজের নতুন হল

আরমানুজামান সৈকত, কন্ট্রিবিউটিং
রিপোর্টার, বাঙ্গলা কলেজ

প্রকাশিত: ১২:৪৯, ৬ জুলাই ২০২৫



ছবি- দৈনিক জনকঞ্চ

x

সরকারি বাঙ্গলা কলেজের নতুন ছাত্র হলের নামকরণে পরিবর্তন
আসছে শিক্ষার্থীদের দাবির মুখে। শুরুতে প্রশাসনের পক্ষ থেকে
হলটির নাম 'নতুন হল' রাখার সিদ্ধান্ত জানানো হলেও তা
প্রত্যাখ্যান করেন শিক্ষার্থীরা। তাঁদের দাবি ছিল, এই হলটির

নামকরণ যেন ২০২৪ সালের জুলাইয়ে বৈষম্যবিরোধী
আন্দোলনে পুলিশের গুলিতে নিহত শহীদ সাগরের নামে করা
হয়।

অধ্যক্ষ মো. কামরুল হাসান বলেন, “নতুন হলটি চালুর প্রস্তুতি
চলছে। ফার্নিচার টেন্ডারের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে আমরা শহীদ সাগরের নামে
হলটির নামকরণের সিদ্ধান্ত নিয়েছি। প্রক্রিয়াটি অনেকদূর
এগিয়েছে। এই নামেই হলটি চালু করা হবে।”

হলটির কার্যক্রম দ্রুত চালুর পাশাপাশি অর্থবহ একটি নামকরণের দাবি জোনিয়ে
আসছিলেন শিক্ষার্থীরা। তাঁদের ভাষ্য, ‘নতুন হল’ কোনো নাম হতে পারে না। তাই

তাঁদের দাবি ছিল—শহীদ সাগরের নামে নামকরণ হলে তার আত্মত্যাগের চেতনা ভবিষ্যৎ প্রজন্মের মধ্যেও সঞ্চারিত হবে।

২০২৪ সালের ১৯ জুলাই, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নিতে গিয়ে মিরপুর-১০ গোলচত্বরে পুলিশের গুলিতে নিহত হন বাঙ্গলা কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী সাগর।